কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

# বিউটিফিকেশন

লেভেল – ০২

## মডিউল শিরোনামঃ মেহেদী প্রয়োগ করণ

**(Module: Applying Henna/Mehedi)**

**মডিউল কোড: CBLM-OU-IN-BEU-06-L2-V1**

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধান উপদেষ্টার কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,
প্রধান উপদেষ্টার কার্যালয় ।
১১-১২ তলা, বিনিয়োগ ভবন
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ইমেইল: ec@nsda.gov.bd
ওয়েবসাইট: www.nsda.gov.bd
ন্যাশনাল স্কিলস পোর্টাল: http:\\skillsportal.gov.bd

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

"মেহেদী প্রয়োগ করণ" সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত বিউটিফিকেশন লেভেল-২ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে বিউটিফিকেশন লেভেল-২ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বরা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিউটিফিকেশন লেভেল-২  কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----------------------- তারিখে অনুষ্ঠিত ------------কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।

# সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবেকরুন। এই মডিউলটিতে হেনা/মেহেদী অ্যাপ্লাই করার জন্য কর্মীর প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা এবং মনোভাব বর্ণনা করা হয়েছে। এর মধ্যে বিশেষভাবে কাজের জন্য প্রস্তুতি, ক্লায়েন্ট প্রস্তুত করা, মেহেদি প্রয়োগ এবং ক্লিন ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র অর্ন্তঃভুক্ত রয়েছে।
এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করুন। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবেকরুন।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি । এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

সূচিপত্র


কপিরাইট ........ i

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা ........ vi

মডিউল কন্টেন্ট ........ ১

শিখনফল (Learning Outcome) ১: কর্মসম্পাদন করার জন্য প্রস্তুতি নেওয়া। ........ ২

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : কর্মসম্পাদন করার জন্য প্রস্তুতি নেওয়া। ........ ৩

ইনফরমেশন শিট (Information Sheet) ১ : কর্মসম্পাদন করার জন্য প্রস্তুতি নেওয়া । ........ ৪

উত্তর পত্র (Answer Key) ১ : কর্মসম্পাদন করার জন্য প্রস্তুতি নেওয়া । ........ ৯

টাস্ক শিট (Task Sheet) ১.১: হাতের তালু তে হেনা প্রয়োগের আগে করণীয় কাজ করা ........ ১০

স্পেশিফিকেশন শিট (Specification Sheet) ১.১: হাতের তালু তে হেনা প্রয়োগের আগে করণীয় কাজ করা ১১

শিখনফল (Learning Outcome) ২: ক্লায়েন্ট প্রস্তুত করা । ........ ১২

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২ : ক্লায়েন্ট প্রস্তুত করা। ........ ১৩

ইনফরমেশন শিট (Information Sheet) ২ : ক্লায়েন্ট প্রস্তুত করা। ........ ১৪

সেলফ চেক শিট (Self Check Sheet) ২ : ক্লায়েন্ট প্রস্তুত করা। ........ ১৮

উত্তর পত্র (Answer Key) ২ : ক্লায়েন্ট প্রস্তুত করা। ........ ১৯

টাস্ক শিট (Task Sheet) ২ : পাকিস্তানী মেহেদী ডিজাইন মেহেদি দেওয়ার জন্য ক্লায়েন্ট প্রস্তুত করা ........ ২০

স্পেশিফিকেশন শিট (Specification Sheet) ২: পাকিস্তানী মেহেদী ডিজাইন মেহেদি দেওয়ার জন্য ক্লায়েন্ট প্রস্তুত করা ........ ২১

শিখনফল (Learning Outcome) ৩: মেহেদি প্রয়োগ করতে পারবে ........ ২২

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৩: হেনা/মেহেদী অ্যাপ্লাই করা। ........ ২৩

ইনফরমেশন শিট (Information Sheet) ৩: হেনা/মেহেদী অ্যাপ্লাই করা। ........ ২৪

সেলফ চেক শিট (Self Check Sheet) ৩: হেনা/মেহেদী অ্যাপ্লাই করা। ........ ৩০

উত্তর পত্র (Answer Key) ৩: হেনা/মেহেদী অ্যাপ্লাই করা। ........ ৩১

জব শিট (Job Sheet) ৩: লাইন প্যাটার্ন এর মেহেদী অ্যাপ্লাই করা। ........ ৩২

স্পেশিফিকেশন শিট (Specification Sheet) ৩: হেনা/মেহেদী অ্যাপ্লাই করা। ........ ৩৩

শিখনফল (Learning Outcome) ৪: ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা। ........ ৩৪

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৪: ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা। ........ ৩৫

ইনফরমেশন শিট (Information Sheet) ৪: ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা। ........ ৩৬

সেলফ চেক শিট (Self Check Sheet) ৪: ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা। ........ ৪২

উত্তর পত্র (Answer Key) ৪: ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা। ........ ৪৩

টাস্ক শিট (Task Sheet) ৪: মেহেদি দেওয়ার পর যন্ত্রপাতি উপকরণ পরিষ্কার ও জীবাণুমুক্ত করা ........ ৪৪

স্পেশিফিকেশন শিট (Specification Sheet) ৪: মেহেদি দেওয়ার পর যন্ত্রপাতি উপকরণ পরিষ্কার ও জীবাণুমুক্ত করা ........ ৪৫

দক্ষতা পর্যালোচনা (Review of Competency) ........ ৪৬

সিবিএলএম প্রনয়ন ........ ৪৭

# মডিউল কন্টেন্ট

| | |
|---|---|
| **ইউ ও সি শিরোনাম** | **হেনা/মেহেদী অ্যাপ্লাই করা। (Apply Hena/Mehedi)** |
| **ইউ ও সি কোড** | **OUINBEU06L2V1** |
| **মডিউল শিরোনাম** | **মেহেদী প্রয়োগ করণ** |
| **মডিউলের বর্ণনা** | এই মডিউলটিতে মেহেদি/মেহেদী প্রয়োগের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা এবং মনোভাবকে সংযুক্ত করা হয়েছে।<br>এর মধ্যে বিশেষভাবে কাজের জন্য প্রস্তুতি, ক্লায়েন্ট প্রস্তুত করা, মেহেদি প্রয়োগ এবং ক্লিন ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র অন্তর্ভুক্ত রয়েছে। |
| **নমিনাল সময়** | **৪০ ঘন্টা** |
| **শিখনফল** | **এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন।**<br>১. কাজের প্রস্তুতি নিতে সক্ষম হয়েছে<br>২. ক্লায়েন্টকে প্রস্তুত সক্ষম হয়েছে<br>৩. মেহেদি প্রয়োগ সক্ষম হয়েছে<br>৪. ক্লায়েন্টের ও কর্মক্ষেত্রের পরিচ্ছন্নতা নিশ্চিত করতে সক্ষম হয়েছে |

## অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)

১. ওএসএইচ অনুসরণ করতে সক্ষম হয়েছে এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) সংগ্রহ এবং ব্যবহার করতে সক্ষম হয়েছে
২. কাজের সহজতার জন্য মেহেদি অ্যাপ্লিকেশন এলাকা প্রস্তুত করতে সক্ষম হয়েছে
৩. ব্যক্তিগত আনুষাঙ্গিক অপসারণ করতে সক্ষম হয়েছে
৪. মেহেদি ডিজাইন নির্বাচন করার জন্য ক্লায়েন্টের সাথে পরামর্শ করতে সক্ষম হয়েছে
৫. অনুষ্ঠান বা ইভেন্ট বিবেচনা করে ডিজাইন নির্বাচন করতে সক্ষম হয়েছে
৬. অ্যালার্জিপ্রতিক্রিয়ার জন্য ত্বক পরীক্ষা করতে সক্ষম হয়েছে
৭. মেহেদি প্রয়োজন অনুযায়ী প্রয়োগ করতে সক্ষম হয়েছে
৮. মেহেদি ধুয়ে ফেলতে সক্ষম হয়েছে
৯. ব্যক্তিগত আনুষাঙ্গিক গুলি ফেরত দিতে সক্ষম হয়েছে
১০. কর্মক্ষেত্র পরিষ্কার করতে সক্ষম হয়েছে
১১. বর্জ্য পদার্থ কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিষ্পত্তি করতে সক্ষম হয়েছে

**শিখনফল (Learning Outcome) ১: কর্মসম্পাদন করার জন্য প্রস্তুতি নেওয়া।**

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. ওএসএইচ অনুসরণ করতে এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করতে সক্ষম হয়েছে<br>২. কাজের সুবিধার জন্য মেহেদি প্রয়োগের স্থান প্রস্তুত করতে পারবে |
| শর্ত ও রিসোর্স | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ডিভাইস |
| বিষয়বস্তু | ১. ওএসএইচ অনুসরণ এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার<br>২. কাজের সুবিধার জন্য মেহেদি প্রয়োগের স্থান প্রস্তুত করা<br>○ হাত<br>○ হাতের তালু<br>○ পা<br>○ পায়ের পাতা |
| এক্টিভিটি | ১. হেনা প্রয়োগের আগে করণীয় কাজ |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>৪. পোর্টফলিও (Portfolio) |

### শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : কর্মসম্পাদন করার জন্য প্রস্তুতি নেওয়া।

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যাবহার করুন।

| শিখন কার্যক্রম (Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের "কর্মসম্পাদন করার জন্য প্রস্তুতি নেওয়া।" শেখার উপকরণ প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ১ : কর্মসম্পাদন করার জন্য প্রস্তুতি নেওয়া। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শিট ১.১: হাতের তালু তে হেনা প্রয়োগের আগে করণীয় কাজ করা |

# ইনফরমেশন শিট (Information Sheet) ১ : কর্মসম্পাদন করার জন্য প্রস্তুতি নেওয়া ।

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষণার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

১.১. ওএসএইচ অনুসরণ করা এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করা

১.২. কাজের সুবিধার জন্য মেহেদি প্রয়োগের স্থান প্রস্তুত করা

## ১.১. ওএসএইচ অনুসরণ করা এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করা

**ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদি (পিপিই):** “পারাসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট” কে সংক্ষেপে “পিপিই” বলা হয়। খুবই সাধারণ ভাষায়, কর্মক্ষেত্রে অথবা ব্যক্তি জীবনে বিভিন্ন স্বাস্থ্য ক্ষতি থেকে নিজেকে রক্ষা করার জন্য আমরা বিশেষ যেসব পোশাক বা সরঞ্জামাদি পরিধান করি সেগুলোকেই বলা হয় ’ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম’ বা পিপিই। কাজের সাথে জড়িত ঝুঁকির প্রকৃতির উপর নির্ভর করে কর্মীরা বিভিন্ন ধরণের সুরক্ষা সরঞ্জাম ব্যবহার করে। প্রতিটি পিপিইর একটি নাম আছে এবং পরিধানের একটি উদ্দেশ্য আছে। আবার প্রতিটি পিপিই পরিধান এবং সংরক্ষনেরও কিছু বিশেষ নিয়ম আছে।

**ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদি (পিপিই) এর গুরুত্বঃ** ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) ব্যবহারের মাধ্যমে একজন কর্মী বা কর্মীরা কর্মক্ষেত্রে যে কোন ধরনের আঘাত বা অসুস্থতার ঝুঁকি হ্রাস করতে পারে। পিপিই ব্যবহারের মাধ্যমে কর্মীরা স্বাস্থ্য এবং নিরাপত্তা ঝুঁকির জন্য নিজেকে প্রস্তুত করতে পারে এবং দুর্ঘটনার ক্ষেত্রে বা দুর্ঘটনার সঙ্গে সম্পৃক্ত উপদানগুলির বিপরীতে অতিরিক্ত সুরক্ষা দেয়।

নিচে প্রয়োজনীয় **PPE** এর বর্ণনা দেয়া হলো

| | |
|---|---|
| **<u>এপ্রোনঃ</u>** ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদির মধ্যে এপ্রোন অন্যতম। এটি এক ধরনের পোশাক যা শরীরে পরিহিত অন্যান্য পোশাকের উপর পরতে হয়। এটি শরীরের সামনের অংশ ঢেকে রাখে। কর্মক্ষেত্রে কাজের ধরন অনুযায়ী এপ্রোন বিভিন্ন ধরনের হয়ে থাকে।<br>সাধরণত এগুলো ত্বক এবং কাপড়কে দাগ ও চিহ্ন থেকে রক্ষা করে। এছাড়াও স্বাস্থ্যগত কারনে, ইউনিফর্মের অংশ হিসাবে, অ্যাসিড, এলার্জেন বা অতিরিক্ত তাপের মতো নির্দিষ্ট বিপদ থেকে সুরক্ষা পাবার জন্য ব্যবহৃত হয়ে থাকে। |   চিত্র : এপ্রোন |
| **<u>হেয়ারব্যান্ড:</u>** হেয়ার রিমুভিং কাজ করার জন্য প্রটেক্টিভ ইকুইপমেন্ট হিসাবে হেড ব্যন্ড ব্যবহার করা হয়ে থাকে। এটি মাথার লম্বা চুলগুলো শক্ত করে বেধে রাখে যাতে করে কাজের সময় মাথার লম্বা চুলগুলো থ্রেড বা কাঁচির মধ্যে এসে কোন সম্যার সৃষ্টি করতে না পারে। |  চিত্র : হেয়ারব্যান্ড |

| | |
|---|---|
| **ডিসপোজেবল মাস্কঃ** এগুলো তৈরি করতে সাধারণত পলিপ্রপিলিন ব্যবহার করা হয়, যা প্রতি বর্গমিটরে ২০ থেকে ২৫ গ্রাম ঘনত্বে থাকে। মাস্কগুলি পলিস্টাইরিন, পলিকার্বোনেট, পলিথিন বা পলিয়েস্টার দিয়েও তৈরি করা যায়। সাধারণত একটি তিন প্লাই মাস্ক একটি মেডিকেল গ্রেড মাস্ক যার তিনটি স্তর রয়েছে। মাঝারি স্তর ফিল্টার এরমত কাজ করে। ভিতরের স্তরটি আর্দ্রতা শোষণ করে, এবং বাহিরের স্তরটি পানি দূরে সরিয়ে দেয় যা জীবাণু থেকে প্রতিরক্ষা করতে সহায়তা করে। বিউটিপার্লারে ক্লায়েন্টের অতি নিকটে থেকে সেবা প্রদান করতে হয়। তাই মাস্ক ক্লায়েন্ট এবং সেবাদানকারী উভয়কেই সংক্রমণ থেকে রক্ষা করতে পারে। এছাড়াও বিভিন্ন ধরনের ক্যামিকেল রিঅ্যাকশন থেকেও দূরে রাখতে সাহায্য করে। |  চিত্র : ডিসপোজেবল মাস্ক |
| **হ্যান্ড গ্লোভসঃ** এগুলো কাজ করার সময় হাতকে রক্ষার জন্য ব্যবহার করা হয়। বিশেষত ক্যামিকেল, প্রসাধন উপকরণ, ক্লায়েটদের সংস্প র্ষে আসলে জীবণু সংক্রমন, এছাড়াও যন্ত্রপাতি ও সরঞ্জাম ব্যবহার করার সময় হাত রক্ষা করার জন্য হ্যান্ড গ্লাভস ব্যবহার করা হয়ে থাকে। |  চিত্র : হ্যান্ড গ্লোভস |
| **ফুটওয়্যারঃ** প্রায় সকল ধরনের কাজ দাড়িয়ে করতে হয়, তাই পায়ের সুরক্ষার জন্য ভালোমানের ফুটওয়্যার অবশ্যই প্রয়োজন। এছাড়া ভুল জুতা পায়ে দিলে স্বস্তিতে কাজ করতে না পারার পাশাপাশি দুর্ঘটনা ঘটার সম্ভাবনাও বেশী থাকে। যেমন – স্লীপ করে পরে যাওয়া, ইলেকট্রিক শক, পায়ের ব্যাথা দূর করার পাশাপাশি দীর্ঘক্ষণ দাড়িয়ে কাজ করতে সহযোগীতা করে। কোনও ক্ষতি বা জখম বা বৈদ্যুতিক শক থেকে পা রক্ষা করার জন্য, সুরক্ষা জুতা সমস্ত ধরণের পরিস্থিতিতে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখে। |  চিত্র : ফুটওয়্যার |
| **হ্যান্ড স্যানিটাইজারঃ** হাত ধোবার পরে অথবা সাবান এবং পানি পাওয়া না গেলে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা হয়ে থাকে। হ্যান্ড স্যানিটাইজার মূলত অ্যালকোহল মিশ্রিত জেল। অত্যন্ত দ্রুত কাজ করে বলে ত্বকে থাকা মাইক্রোস্কোপিক জীবাণুগুলোকে দ্রুত নির্মূল করতে পারে। এছাড়াও হ্যান্ড স্যানিটাইজারে ব্যবহৃত অ্যালকোহল ত্বকের জন্য খুব শুষ্ক হতে পারে। তাই বেশীরভাগ ব্রান্ডের স্যানিটাইজারগুলো একইভাবে ত্বকের শুষ্কতা এবং জ্বালা উপশম করার জন্য এটি লোশন হিসেবে কাজ করে। এছাড়াও হ্যান্ড স্যানিটাইজার জীবাণু দূর করে, আকারে ছোট হওয়ায় সহজে বহনযোগ্য, একাকি বা দলগতভাবে ব্যবহার করা যায়, অসুস্থতার ঝুঁকি কমায়, এবং অ্যালকোহল মুক্ত হ্যান্ড স্যানিটাইজার হাতের নমনীয়তা বাড়াতে সাহায্য করে। |   চিত্র : হ্যান্ড স্যানিটাইজার |

মেকআপ কাজ করার জন্য একজন কর্মীকে প্রস্তুতি গ্রহণের অংশ হিসেবে প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং সরঞ্জাম সংগ্রহ এবং নির্বাচন করতে হয়।

**যন্ত্রপাতি, সরঞ্জাম ও উপকরণ**

হেনা প্রয়োগের কাজ সম্পাদন করার জন্য সাধারনত নিম্নলিখিত যন্ত্রপাতি প্রয়োজন হয় :

| | |
|---|---|
| **মেহেদী টিউব**<br>▪ কাজ: মেহেদী পেস্টকে সহজে এবং সুন্দরভাবে ডিজাইন আকারে ত্বকে প্রয়োগ করতে মেহেদী টিউব ব্যবহার করা হয়।<br>▪ ধরন: বিভিন্ন আকার ও মাপের মেহেদী টিউব পাওয়া যায়। সুক্ষ্ম ডিজাইনের জন্য সূক্ষ্ম মুখের টিউব এবং বড় ডিজাইনের জন্য বড় মুখের টিউব ব্যবহার করা হয়।<br>▪ ব্যবহার: টিউবে মেহেদী পেস্ট ভরে নিয়ে সরাসরি ত্বকে ডিজাইন আঁকা হয়। | <br>চিত্র: মেহেদী টিউব |
| **হেনা অ্যাপ্লাই কিটস্**<br>▪ কাজ: হেনা অ্যাপ্লাই কিটে সাধারণত মেহেদী কোন, টিউব, গ্লাভস, কাপড় ইত্যাদি থাকে। এটি একসাথে সবকিছু পেয়ে যাওয়ায় ব্যবহারকারীদের জন্য সুবিধাজনক।<br>▪ ধরন: বিভিন্ন ব্র্যান্ডের হেনা অ্যাপ্লাই কিট পাওয়া যায়। কিটের মধ্যে অন্তর্ভুক্ত আনুষঙ্গিক সামগ্রী কিট অনুযায়ী ভিন্ন হতে পারে।<br>▪ ব্যবহার: কিটে দেওয়া সবকিছু ব্যবহার করে সহজেই বাড়িতে মেহেদী প্রয়োগ করা যায়। | <br>চিত্র: হেনা অ্যাপ্লাই কিটস্ |
| **কটন/টিস্যু/ছোট তোয়লে**<br>▪ কাজ: মেহেদী প্রয়োগের সময় হাতে লেগে যাওয়া অতিরিক্ত পেস্ট মুছে ফেলতে এবং শুকিয়ে যাওয়া পেস্ট সরাতে কটন, টিস্যু বা ছোট তোয়ালে ব্যবহার করা হয়।<br>▪ ধরন: সাধারণ কটন, টিস্যু বা ছোট তোয়ালে ব্যবহার করা যেতে পারে।<br>▪ ব্যবহার: মেহেদী প্রয়োগের পর অতিরিক্ত পেস্ট মুছে ফেলতে কয়েকবার পরিষ্কার কাপড় দিয়ে মুছে নিতে হয়। | <br>চিত্র: কটন/টিস্যু/ছোট তোয়লে |

## ১.২. কাজের সুবিধার জন্য মেহেদি প্রয়োগের স্থান প্রস্তুত করা

**হেনা এ্যাপ্লিকেশন এরিয়া**

শরীরের যেসকল অংশে হেনা/মেহেদী লাগান হয়, সে সকল অংশকে হেনা এ্যাপ্লিকেশন এরিয়া বলে।

সাধারণত চারটি এরিয়া ব্যবহার করা হয়।

| | |
|---|---|
| **হাত:** হাতের পিছনের অংশে মেহেদি প্রয়োগ করা হয়। এটি সাধারণত সহজ এবং জনপ্রিয় স্থান। প্রয়োগের আগে হাত পরিষ্কার করে শুকিয়ে নিতে হবে যাতে মেহেদি ভালোভাবে বসে।<br>**হাতের তালু:** হাতের তালুতে মেহেদি প্রয়োগ করলে, এটি আরও স্পষ্ট এবং দীর্ঘস্থায়ী হয়। কারণ তালুতে মেহেদি বেশি সময় ধরে থাকে এবং দ্রুত শুকিয়ে যায়। |  |
| **পা:** পায়ের উপর মেহেদি প্রয়োগ করলে এটি অনেক সময় ধরে স্থায়ী থাকে এবং প্রাকৃতিক শোভা যোগ করে। বিশেষত, পায়ের উঁচু স্থানগুলোতে যেমন পায়ের গোড়ালিতে, ভালো লাগবে।<br>**পায়ের পাতা:** পায়ের পাতায় মেহেদি প্রয়োগ করার ফলে এটি দ্রুত শুকিয়ে যায় এবং বিশেষভাবে ফ্যাশনেবল হতে পারে, বিশেষ করে সাঁতারে বা গরম আবহাওয়ায়। |  |

## সেলফ চেক শিট (Self Check Sheet) ১ : কর্মসম্পাদন করার জন্য প্রস্তুতি নেওয়া ।

সঠিক উত্তর লিখুন।

**প্রশ্ন ১: মেহেদী টিউবের মূল কাজ কী?**

**উত্তর:**

ক) মেহেদী পেস্টকে সংরক্ষণ করা
খ) মেহেদী পেস্টকে সহজে এবং সুন্দরভাবে ডিজাইন আকারে ত্বকে প্রয়োগ করা
গ) মেহেদী টিউবের আকার নির্ধারণ করা
ঘ) মেহেদী পেস্টকে শুকানো

**প্রশ্ন ২: হেনা অ্যাপ্লাই কিটে সাধারণত কোন কোন জিনিস থাকে?**

**উত্তর:**

ক) শুধুমাত্র মেহেদী টিউব
খ) মেহেদী কোন, টিউব, গ্লাভস, কাপড়
গ) মেহেদী পেস্ট, তোয়ালে
ঘ) মেহেদী রং, ব্রাশ

**প্রশ্ন ৩: মেহেদী প্রয়োগের সময় অতিরিক্ত পেস্ট মুছে ফেলতে কোনটি ব্যবহৃত হয়?**

**উত্তর:**

ক) ব্রাশ
খ) কটন, টিস্যু বা ছোট তোয়ালে
গ) লোশন
ঘ) পানি

**প্রশ্ন ৪: হেনা অ্যাপ্লিকেশন এরিয়া হিসেবে কোনটি ব্যবহার করা হয় না?**

**উত্তর:**

ক) হাতের পিঠ
খ) হাতের তালু
গ) পায়ের পিঠ
ঘ) মাথা

**প্রশ্ন ৫: হেনা প্রয়োগের আগে ত্বক পরিষ্কার করার প্রধান কারণ কী?**

**উত্তর:**

ক) ত্বকের শুষ্কতা দূর করা
খ) হেনার রঙ ধরে রাখতে
গ) ত্বকের আর্দ্রতা বাড়ানো
ঘ) ত্বকের তাপমাত্রা নিয়ন্ত্রণ করা

## উত্তর পত্র (Answer Key) ১ : কর্মসম্পাদন করার জন্য প্রস্তুতি নেওয়া ।

**প্রশ্ন ১: মেহেদী টিউবের মূল কাজ কী?**

ক) মেহেদী পেস্টকে সংরক্ষণ করা
খ) মেহেদী পেস্টকে সহজে এবং সুন্দরভাবে ডিজাইন আকারে ত্বকে প্রয়োগ করা
গ) মেহেদী টিউবের আকার নির্ধারণ করা
ঘ) মেহেদী পেস্টকে শুকানো

**উত্তর: খ) মেহেদী পেস্টকে সহজে এবং সুন্দরভাবে ডিজাইন আকারে ত্বকে প্রয়োগ করা**

**প্রশ্ন ২: হেনা অ্যাপ্লাই কিটে সাধারণত কোন কোন জিনিস থাকে?**

ক) শুধুমাত্র মেহেদী টিউব
খ) মেহেদী কোন, টিউব, গ্লাভস, কাপড়
গ) মেহেদী পেস্ট, তোয়ালে
ঘ) মেহেদী রং, ব্রাশ

**উত্তর: খ) মেহেদী কোন, টিউব, গ্লাভস, কাপড়**

**প্রশ্ন ৩: মেহেদী প্রয়োগের সময় অতিরিক্ত পেস্ট মুছে ফেলতে কোনটি ব্যবহৃত হয়?**

ক) ব্রাশ
খ) কটন, টিস্যু বা ছোট তোয়ালে
গ) লোশন
ঘ) পানি

**উত্তর: খ) কটন, টিস্যু বা ছোট তোয়ালে**

**প্রশ্ন ৪: হেনা অ্যাপ্লিকেশন এরিয়া হিসেবে কোনটি ব্যবহার করা হয় না?**

ক) হাতের পিঠ
খ) হাতের তালু
গ) পায়ের পিঠ
ঘ) মাথা

**উত্তর: ঘ) মাথা**

**প্রশ্ন ৫: হেনা প্রয়োগের আগে ত্বক পরিষ্কার করার প্রধান কারণ কী?**

ক) ত্বকের শুষ্কতা দূর করা
খ) হেনার রঙ ধরে রাখতে
গ) ত্বকের আর্দ্রতা বাড়ানো
ঘ) ত্বকের তাপমাত্রা নিয়ন্ত্রণ করা

**উত্তর: খ) হেনার রঙ ধরে রাখতে**

## টাস্ক শিট (Task Sheet) ১.১: হাতের তালু তে হেনা প্রয়োগের আগে করণীয় কাজ করা

| | |
|---|---|
| কাজের নাম | হাতের তালু তে হেনা প্রয়োগের আগে করণীয় কাজ করা |
| কাজের উদ্দেশ্য | ১. হাতের তালুতে হেনা প্রয়োগের জন্য প্রস্তুত করা, যাতে হেনা প্রক্রিয়া সঠিকভাবে সম্পন্ন হয় এবং ভালো ফলাফল পাওয়া যায়।<br>২. ক্লায়েন্টের ত্বক সুরক্ষিত রাখা এবং প্রয়োগের আগে সব প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া। |
| কাজের ধাপসমূহ/পদ্ধতি | ১. হেনা প্রয়োগের আগে হাতের তালু ভালোভাবে পরিষ্কার করা উচিত। এটি ত্বকের যেকোনো ময়লা, তেল, বা শ্বাসযন্ত্রের অবশিষ্টাংশ মুক্ত করে এবং হেনার সঠিকভাবে বসতে সহায়ক হয়।<br>২. নরম সাবান এবং পানি ব্যবহার করে হাত ধুয়ে নিন।<br>৩. হাত ধোয়ার পর ত্বক শুকিয়ে ফেলুন। কিছু সময় ধরে বাতাসে বা টিস্যু দিয়ে মুছিয়ে ত্বক সম্পূর্ণ শুকিয়ে নিন।<br>৪. শুকনো ত্বক হেনা আরও ভালোভাবে ধারণ করে এবং প্রক্রিয়া দ্রুত হয়ে ওঠে।<br>৫. হেনা প্রয়োগের আগে ত্বকে অ্যালার্জি পরীক্ষা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি ছোট পরিমাণ হেনা হাতে প্রয়োগ করে ২৪ ঘণ্টা অপেক্ষা করুন।<br>৬. কোনো এলার্জিক প্রতিক্রিয়া দেখা দিলে, হেনা ব্যবহার না করার পরামর্শ দেওয়া হয়।<br>৭. হেনা প্রয়োগের সময়, হাতের কোনও অলঙ্কার বা গহনা যেমন আংটি, ব্রেসলেট বা ঘড়ি ইত্যাদি অপসারণ করা উচিত, যাতে হেনা প্রয়োগের সময় কোনো বাধা সৃষ্টি না হয়।<br>৮. হেনা প্রয়োগের জন্য প্রয়োজনীয় টুলস (যেমন কন, ব্রাশ, স্কিন ক্লিনার, টিস্যু, স্যানিটাইজার ইত্যাদি) প্রস্তুত করুন।<br>৯. ক্লায়েন্টের পছন্দ, ডিজাইন এবং প্রয়োগের স্থান সম্পর্কে নিশ্চিত হয়ে নিয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করুন।<br>১০. হেনা প্রয়োগের স্থান পরিষ্কার এবং সঠিকভাবে সজ্জিত রাখা, যাতে কোনো ধরনের অপ্রত্যাশিত সমস্যা তৈরি না হয়। |

## স্পেশিফিকেশন শিট (Specification Sheet) ১.১: হাতের তালু তে হেনা প্রয়োগের আগে করণীয় কাজ করা

### প্রয়োজনীয় পিপিই

| ক্রম | পিপিই এর নাম | একক | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | গ্লাভস | জোড়া | ১ |
| ২ | মাস্ক | পিস | ১ |
| ৩ | এপ্রন | পিস | ১ |
| ৪ | চশমা | পিস | ১ |

### প্রয়োজনীয় টুলস

| ক্রম | টুলস এর নাম | একক | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | হেনা কন | পিস | ১-২ |
| ২ | ব্রাশ | পিস | ১ |
| ৩ | স্কিন ক্লিনার | পিস | ১ |
| ৪ | স্যানিটাইজার | পিস | ১ |
| ৫ | টিস্যু | প্যাক | ১ |

### প্রয়োজনীয় ইকুইপমেন্টস

| ক্রম | নাম | একক | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | হেনা পেস্ট | পিস | ১ |
| ২ | ক্লিনিং ওয়াটার | পিস | ১ |
| ৩ | কাস্টম ডিজাইন স্টেন্সিল | পিস | ১ |

### প্রয়োজনীয় ম্যাটেরিয়াল

| ক্রম | নাম | একক | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | হেনা পাউডার | প্যাক | ১ |
| ২ | লেবু বা লেবুর রস | পিস | ১ |
| ৩ | অয়েল বা অলিভ অয়েল | পিস | ১ |

**শিখনফল (Learning Outcome) ২: ক্লায়েন্ট প্রস্তুত করা।**

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করতে সক্ষম হয়েছে<br>২. মেহেদি ডিজাইন নির্বাচন করার জন্য ক্লায়েন্টের সাথে পরামর্শ করতে সক্ষম হয়েছে<br>৩. অনুষ্ঠান বা ইভেন্ট বিবেচনা করে ডিজাইন নির্বাচন করতে সক্ষম হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ডিভাইস |
| বিষয়বস্তু | ● ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করতে পারবে<br>○ চুড়ি<br>○ আংটি<br>○ নূপুর/ পায়েল<br>○ পায়ের আংটি<br>○ ব্রেসলেট<br>○ ঘড়ি<br>● মেহেদি ডিজাইন নির্বাচন<br>● অনুষ্ঠান বা ইভেন্ট বিবেচনা করে ডিজাইন নির্বাচন |
| এক্টিভিটি | ১. হেনা / মেহেদি দেওয়ার জন্য ক্লায়েন্ট প্রস্তুত করা |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>৪. পোর্টফলিও (Portfolio) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২ : ক্লায়েন্ট প্রস্তুত করা।

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্জক্রম গুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্জক্রম গুলোর জন্য বর্ণিত রিসোর্স সমূহ ব্যাবহার করুন।

| শিখন কার্যক্রম (Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের **"ক্লায়েন্ট প্রস্তুত করা।"** শেখার উপকরণ প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ২ : ক্লায়েন্ট প্রস্তুত করা। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শিট ২ : পাকিস্তানী মেহেদী ডিজাইন মেহেদি দেওয়ার জন্য ক্লায়েন্ট প্রস্তুত করা |

## ইনফরমেশন শিট (Information Sheet) ২ : ক্লায়েন্ট প্রস্তুত করা।

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষণার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

২.১. ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করা
২.২. মেহেদি ডিজাইন নির্বাচন করার জন্য ক্লায়েন্টের সাথে পরামর্শ করা
২.৩. অনুষ্ঠান বা ইভেন্ট বিবেচনা করে ডিজাইন নির্বাচন করা

### ২.১. ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করা

মেহেদি প্রয়োগের পূর্বে, সমস্ত ব্যক্তিগত অ্যাক্সেসরিজ যেমন আংটি, কানের দুল, ঘড়ি ইত্যাদি অপসারণ করা উচিত। এগুলি মেহেদি প্রয়োগের সময় কোনও সমস্যা সৃষ্টি করতে পারে এবং মেহেদির কাজের পৃষ্ঠে অসুবিধা সৃষ্টি হতে পারে। এছাড়াও, মেহেদি পরিষ্কারভাবে কাজ করার জন্য এটি খুবই গুরুত্বপূর্ণ।

**কেন অলংকার খুলে নিতে হবে?**

- **হেনা ডিজাইনের গুণগত মান:** হাতে বা পায়ে যদি কোনো রিং, চুড়ি বা অন্য কোনো ধরনের অলংকার থাকে, তাহলে হেনা ডিজাইন করা কঠিন হয়ে পড়ে। ডিজাইন অসম্পূর্ণ হতে পারে বা অলংকারের চাপে ডিজাইন নষ্ট হয়ে যেতে পারে।
- **চামড়ার সংস্পর্শে:** হেনা পেস্ট চামড়ার সাথে সরাসরি সংস্পর্শে আসতে হবে। অলংকার এই সংস্পর্শ বাধাগ্রস্ত করে।
- **অলংকারের ক্ষতি:** কিছু ধরনের অলংকার হেনার রঙের কারণে দাগ হয়ে যেতে পারে।

**কীভাবে ক্লায়েন্টকে বোঝাবেন**

- **সরল ভাষায় ব্যাখ্যা:** ক্লায়েন্টকে সহজ ভাষায় বোঝান যে হেনা ডিজাইন সুন্দর ও পরিষ্কার করার জন্য হাত বা পা থেকে সব ধরনের অলংকার খুলে নেওয়া জরুরি।
- **উদাহরণ দিন:** বিভিন্ন ধরনের অলংকারের ছবি দেখিয়ে বোঝান যে কোন কোন জিনিস খুলে নিতে হবে।
- **ফলাফল দেখান:** আগে করা কোনো হেনা ডিজাইনের ছবি দেখান যেখানে অলংকারের কারণে ডিজাইন কেমন হয়েছে।

### ২.২. মেহেদি ডিজাইন নির্বাচন করার জন্য ক্লায়েন্টের সাথে পরামর্শ করা ।

মেহেদি ডিজাইন নির্বাচন করার সময় ক্লায়েন্টের পছন্দ ও প্রয়োজন বুঝে সঠিক পরামর্শ দেওয়া গুরুত্বপূর্ণ। এতে মেহেদির আবেদন এবং সন্তুষ্টি বৃদ্ধি পায়। কিছু গুরুত্বপূর্ণ দিক যা পরামর্শকালে লক্ষ্য রাখতে হবে:

| বিষয় | বিস্তারিত বিবরণ |
|---|---|

| | |
|---|---|
| **ক্লায়েন্টের পছন্দ** | ক্লায়েন্টের পছন্দ এবং স্টাইলের প্রতি মনোযোগ দিন। কিছু ক্লায়েন্ট ঐতিহ্যবাহী ডিজাইন পছন্দ করেন, যেমন ফুল, পাতা, বা মন্ডল, আবার অন্যরা আধুনিক বা ফিউশন ডিজাইন চান। |
| **অনুষ্ঠান বা উপলক্ষ্য** | কোন অনুষ্ঠানে মেহেদি প্রয়োগ হবে তা বিবেচনা করুন। যেমন, বিবাহ বা অন্যান্য পার্টিতে সাধারণত জটিল ও বড় ডিজাইন পছন্দ করা হয়, আবার জন্মদিন বা ছোট আয়োজনে সহজ ডিজাইন প্রযোজ্য। |
| **পোশাকের সাথে মিল** | ক্লায়েন্টের পোশাকের ধরণ এবং রঙের সাথে ডিজাইনটি মিলিয়ে নির্বাচন করা উচিত। গা dark ঃ রঙের পোশাকের সাথে সোনালী বা রেড মেহেদি ভালো লাগে, আর সাদা বা পাস্টেল রঙের পোশাকের সাথে হালকা ডিজাইন। |
| **শরীরের অংশ** | কিসে মেহেদি লাগানো হবে তার স্থানও গুরুত্বপূর্ণ। হাতের পেছনে, আঙুলে, পায়ের পাতায় অথবা বাহুর উপর বড় ডিজাইন ভালো মানাতে পারে, তবে সেগুলির জন্য ডিজাইনের আকার ও ধরন আলাদা হবে। |
| **সময় ও টেকসইতা** | ডিজাইনের সময় এবং স্থায়ীত্বও পরামর্শ করার সময় বিবেচনায় রাখতে হবে। কিছু ডিজাইন দ্রুত সম্পন্ন করা যেতে পারে, আর কিছু ডিজাইন দীর্ঘ সময় নিবে। |

**হেনা বিভিন্ন রকমের মেহেদী ডিজাইন প্রচলিত রয়েছে তার মধ্যে ৮ ধরনের মেহেদী ব্যবহার করে থাকি**

| | |
|---|---|
|  |  |
| **১. মরোক্ক মেহেদী ডিজাইন:** মরোক্ক ডিজাইন এ জিওমেট্রিক শেপ, লাইন, কার্ভ এর মাধ্যমে নকশা করা হয় | **২. ওয়েষ্টার্ন ডিজাইন:** জিওমেট্রিক, চেকার ও কুর্কি টাইপের নকশা দিয়ে এই ডজাইন করা হয়। |
|  |  |
| **৩. ইন্ডিয়ান মেহেদী ডিজাইন:** ফুল, ডট, ফুল, পাতা এর মাধ্যমে ইন্ডিয়ান মেহেদীর নকশাগুলো করা হয়। | **৪. পাকিস্তানী মেহেদী ডিজাইন:** ফুল, ফুল পাতা, গম্বুজ, মান্ডালা, পার্সলি এর মাধ্যমে পাকিস্তানী মেহেদীর নকশাগুলো করা হয়। |

| | |
|---|---|
|  |  |
| **৫. আরোবিক মেহেদী ডিজাইন:** রাউন্ড ভরাট, ক্রস্ ভরাট ইতাদির মাধ্যমে আরোবিক মেহেদীর নকশাগুলো করা হয়। | **৬. ইন্দো-আরোবিক মেহেদী ডিজাইন:** পাতা, ফুল, পার্সলি দিয়ে ভরাট, করে ইন্দো-আরোবিক মেহেদীর নকশাগুলো করা হয়। |
|  |  |
| **৭. ইন্দো-ওয়েসষ্টার্ন মেহেদী ডিজাইন:** শর্ট ম্যাসেজ, লং বিইল প্রভৃতির মাধ্যমে ইন্দো- ওয়েষ্টার্ন মেহেদীর নকশাগুলো করা হয়। | **৮. আফ্রিকা মেহেদী ডিজাইন:** মোটা বর্ডার লাইন ও আরোবিক ডিজাইনের মেলানো নকশার মাধ্যমে আফ্রিকা মেহেদী ডজাইন করা হয়। |

## ২.৩. অনুষ্ঠান বা ইভেন্ট বিবেচনা করে ডিজাইন নির্বাচন করা ।

মেহেদি ডিজাইন নির্বাচন করার সময় অনুষ্ঠান বা ইভেন্টের প্রকার ও গুরুত্ব একটি বড় ভূমিকা পালন করে। প্রতিটি ইভেন্টের জন্য আলাদা ধরনের ডিজাইন পছন্দ করা হয়, এবং ডিজাইনটি সেই ইভেন্টের ধরণ ও আবহের সাথে মানানসই হতে হবে। নিচে বিভিন্ন ধরনের অনুষ্ঠানের জন্য ডিজাইন নির্বাচন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হলো:

এখানে একটি টেবিল তৈরি করা হলো:

| **অনুষ্ঠান বা ইভেন্ট** | **ডিজাইন নির্বাচন বিবরণ** |
|---|---|
| বিবাহ | বিবাহের জন্য সাধারণত জটিল ও বড় ডিজাইন পছন্দ করা হয়, যা পুরো হাত বা পা জুড়ে ছড়িয়ে থাকে। ঐতিহ্যবাহী মেহেদি ডিজাইন যেমন ফুল, পাতা, মন্ডল, বা অন্যান্য নকশা গুলি এখানে জনপ্রিয়। |
| জন্মদিন | জন্মদিনে ক্লায়েন্টের বয়স এবং পোশাক অনুযায়ী ডিজাইন নির্বাচন করা উচিত। তরুণরা আধুনিক বা ফিউশন ডিজাইন পছন্দ করে, যেমন জ্যামিতিক আকার বা বিভিন্ন রঙের মেহেদি। |
| পার্টি বা অন্যান্য সামাজিক অনুষ্ঠান | সামাজিক অনুষ্ঠানে আধুনিক এবং সৃজনশীল ডিজাইন পছন্দ করা হয়। ছোট, আধুনিক ডিজাইন যেমন নানান রঙের মেহেদি বা খোঁচানো ডিজাইন বিশেষভাবে মানায়। |
| ঈদ বা ধর্মীয় অনুষ্ঠান | ঈদ বা ধর্মীয় অনুষ্ঠানে ঐতিহ্যবাহী এবং রুচিশীল ডিজাইন পছন্দ করা হয়, যেমন গোলাকার, ফুলের নকশা, মন্ডল বা কমপ্লেক্স প্যাটার্ন। |

অতএব, ডিজাইনটি সবসময় অনুষ্ঠানের প্রেক্ষাপট এবং ক্লায়েন্টের ব্যক্তিগত পছন্দ অনুযায়ী তৈরি করা উচিত।

## সেলফ চেক শিট (Self Check Sheet) ২ : ক্লায়েন্ট প্রস্তুত করা।

সঠিক / যথাযথ উত্তর লিখুন।

**১: হেনা এ্যাপ্লাই করার জন্য কি কি পারসোনাল এক্সেসরিজ সরিয়ে নিতে হবে।**
**উত্তর:**

**২: আমাদের দেশের সচারচর কিছু অনুষ্ঠানের নাম লিখুন।**
**উত্তর:**

**৩: হেনার ডিজাইনের ধরণগুলোর নাম লিখুন।**
**উত্তর:**

## উত্তর পত্র (Answer Key) ২ : ক্লায়েন্ট প্রস্তুত করা।

**১: হেনা এ্যাপ্লাই করার জন্য কি কি পারসোনাল এক্সেসরিজ সরিয়ে নিতে হবে।**

**উত্তর:** ব্যক্তিগত অলংকার/গহণা এর মধ্যে রয়েছে :

- বেঙ্গাল/চুড়ি
- রিং/আঙ্গাটি
- পায়েল/নূপুর
- অ্যাঙ্কলেট
- লেগ ফিঙ্গার রিং/পায়ের আঙ্গাটি।

**২: আমাদের দেশের সচারচর কিছু অনুষ্ঠানের নাম লিখুন।**

**উত্তর:** আমাদের দেশের কিছু সচরাচর অনুষ্ঠান হল:

- পহেলা বৈশাখ।
- কনে-দেখা।
- গায়ে হলুদ।
- বিবাহ।
- জন্মদিন।
- আকিকা।
- খাৎনা।
- স্বাধীনতা দিবস।
- বিজয় দিবস।
- একুশে ফেরুয়ারী

**৩: হেনার ডিজাইনের ধরণগুলোর নাম লিখুন।**

**উত্তর:**

১. মরোক্ক মেহেদী ডিজাইন

২. ওয়েষ্টার্ন ডিজাইন

৩. ইন্ডিয়ান মেহেদী ডিজাইন

৪. পাকিস্তানী মেহেদী ডিজাইন

৫. আরোবিক মেহেদী ডিজাইন

৬. ইন্দো-আরোবিক মেহেদী ডিজাইন

৭.ইন্দো-ওয়েসষ্টার্ন মেহেদী ডিজাইন

৮.আফ্রিকা মেহেদী ডিজাইন

## টাস্ক শিট (Task Sheet) ২ : পাকিস্তানী মেহেদী ডিজাইন মেহেদি দেওয়ার জন্য ক্লায়েন্ট প্রস্তুত করা

| | |
|---|---|
| কাজের নাম | পাকিস্তানী মেহেদী ডিজাইন মেহেদি দেওয়ার জন্য ক্লায়েন্ট প্রস্তুত করা |
| কাজের উদ্দেশ্য | ১. পাকিস্তানী মেহেদী ডিজাইন প্রয়োগের জন্য ক্লায়েন্টকে সঠিকভাবে প্রস্তুত করা, যাতে ডিজাইনটি সুন্দরভাবে সম্পন্ন হয় এবং ক্লায়েন্টের ত্বক সুরক্ষিত থাকে।<br>২. ক্লায়েন্টের পছন্দ অনুযায়ী পাকিস্তানী মেহেদী ডিজাইন নির্বাচন করা এবং প্রয়োগের আগে সমস্ত প্রস্তুতি নেয়া। |
| কাজের ধাপসমূহ/পদ্ধতি | ১. ক্লায়েন্টের পছন্দ অনুযায়ী পাকিস্তানী মেহেদী ডিজাইন নিয়ে আলোচনা করুন।<br>২. তারা ঐতিহ্যবাহী বা আধুনিক ডিজাইন পছন্দ করতে পারে, সেজন্য তাদের প্রেফারেন্স বুঝে ডিজাইন নির্বাচন করুন।<br>৩. হেনা ব্যবহারের আগে ক্লায়েন্টের ত্বক পরীক্ষা করে দেখুন। ত্বক যদি অত্যন্ত সেনসিটিভ হয়, তবে মেহেদী প্রয়োগের আগে আলার্জি পরীক্ষা করুন।<br>৪. পাকিস্তানী মেহেদী ডিজাইন প্রয়োগের জন্য হেনা কন তৈরী করুন। হেনা পেস্টের মিশ্রণ সঠিকভাবে তৈরি করুন যাতে এটি ডিজাইনে ভালোভাবে বসে।<br>৫. হেনা প্রয়োগের আগে ক্লায়েন্টের হাত ভালোভাবে পরিষ্কার করতে হবে। নরম সাবান দিয়ে হাত ধুয়ে নিন এবং শুকনো টিস্যু দিয়ে মুছে ফেলুন।<br>৬. হাতের কোন অলঙ্কার বা গহনা যেমন আংটি, ব্রেসলেট ইত্যাদি অপসারণ করুন যাতে হেনা প্রয়োগের সময় কোনো বাধা সৃষ্টি না হয়।<br>৭. পাকিস্তানী মেহেদী ডিজাইন প্রয়োগের জন্য প্রয়োজনীয় টুলস (যেমন কন, স্কিন ক্লিনার, টিস্যু, স্যানিটাইজার, ব্রাশ ইত্যাদি) প্রস্তুত করুন।<br>৮. ক্লায়েন্টকে আরামদায়ক একটি জায়গায় বসানোর ব্যবস্থা করুন। হাত নির্ভার রাখতে প্যাড বা কুশন ব্যবহার করুন।<br>৯. ডিজাইন অনুযায়ী, হাত বা পায়ের নির্দিষ্ট জায়গায় হেনা প্রয়োগের স্থান নির্বাচন করুন। হাতের তালু বা পায়ের পাতা সাধারণত সবচেয়ে জনপ্রিয় স্থান।<br>১০. ক্লায়েন্টকে উপযুক্ত এপ্রোন পরানোর ব্যবস্থা করুন যাতে হেনা তার পোশাকে না লাগে।<br>১১. হেনা প্রয়োগের সময় ক্লায়েন্টকে জানান যে কতটা সময় লাগবে, ডিজাইন কেমন হবে এবং প্রয়োগের পরে কী করতে হবে।<br>১২. সব কিছু ঠিকঠাক এবং প্রস্তুত হলে, হেনা প্রয়োগের প্রক্রিয়া শুরু করুন। |



## স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ২: পাকিস্তানী মেহেদী ডিজাইন মেহেদি দেওয়ার জন্য ক্লায়েন্ট প্রস্তুত করা

**প্রয়োজনীয় পিপিই**

| ক্রম | পিপিই এর নাম | একক | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | এপ্রোন | পিস | ১ |
| ২ | গ্লাভস | পেয়ার | ১ |
| ৩ | মাস্ক | পিস | ১ |

**প্রয়োজনীয় টুলস**

| ক্রম | টুলস এর নাম | একক | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | হেনা কন | পিস | ১ |
| ২ | স্কিন ক্লিনার | পিস | ১ |
| ৩ | ব্রাশ | পিস | ১ |
| ৪ | টিস্যু | প্যাক | ১ |

**প্রয়োজনীয় ইকুইপমেন্টস**

| ক্রম | নাম | একক | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | প্যাড | পিস | ১ |
| ২ | কুশন | পিস | ১ |

**প্রয়োজনীয় ম্যাটেরিয়াল**

| ক্রম | নাম | একক | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | হেনা পাউডার | গ্রাম | ৫০ |
| ২ | তেল | মিলি | ১০ |
| ৩ | স্যানিটাইজার | মিলি | ২০ |

## শিখনফল (Learning Outcome) ৩: মেহেদি প্রয়োগ করতে পারবে

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. অ্যালার্জি প্রতিক্রিয়ার জন্য স্কিন পরীক্ষা করতে সক্ষম হয়েছে<br>২. ডিজাইন অনুযায়ী মেহেদি প্রয়োগ করতে সক্ষম হয়েছে<br>৩. শুকানোর পর মেহেদি উঠিয়ে ফেলতে ক্লায়েন্ট কে পরামর্শ দিতে সক্ষম হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ডিভাইস |
